গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

# পরিদর্শন প্রতিবেদন (চলতি প্রকল্প)

পরিদর্শনের তারিখঃ ১৪/০৫/২০১৫ পূর্ববর্তী পরিদর্শনের তারিখঃ ২৮/১২/২০১৪

১.০ **প্রকল্পের নাম** : "জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)"।

২.০ **মন্ত্রণালয়/বিভাগ** : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

৩.০ **বাস্তবায়নকারী সংস্থা** : জাতীয় মহিলা সংস্থা।

৪.০ **প্রকল্প এলাকা** : দেশের ৬৪টি জেলা।

৫.০ **প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)** :

| | মোট | টাকা | প্রকল্প সাহায্য |
|---|---|---|---|
| ৫.১) মূল অনুমোদিত | ৫২৫৩.৫১ | ৫২৫৩.৫১ | - |

৬.০ **বাস্তবায়নকাল** : জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৮।

৭.০ **প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্যঃ**

৭.১ **পটভূমিঃ** দেশের জনসংখ্যার অর্ধেকই নারী। নারী সমাজ শিক্ষাগত যোগ্যতায়, বৃত্তিমূলক দক্ষতায় এবং প্রযুক্তিগত উন্নয়নে পুরুষের তুলনায় পিছিয়ে আছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে তাদের ধারণা এখনও আশানুরূপ নয়। অধিকাংশ শিক্ষিত যুব-মহিলা কম্পিউটার দক্ষতা থেকে বঞ্চিত। এ প্রেক্ষিতে শিক্ষিত মহিলাদের কম্পিউটার প্রশিক্ষণ প্রদান, তাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও আত্মনির্ভরশীলতায় উদ্বুদ্ধকরণের জন্য জাতীয় মহিলা সংস্থা ৩০৬.৮৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে "জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ (১০টি কেন্দ্র)" শীর্ষক একটি প্রকল্প জুলাই ২০০২ থেকে ফেব্রুয়ারি ২০০৭ মেয়াদে বাস্তবায়ন করেছে। প্রকল্পের প্রথম পর্যায়ের বাস্তবায়নকালীন অভিজ্ঞতা, জাতীয় মহিলা সংস্থার বিভিন্ন জেলা শাখার চাহিদা, নারী শিক্ষার হার, জীবন-যাত্রার মান, ভৌত অবকাঠামো, যোগাযোগ ব্যবস্থা, কর্মসংস্থানের সুযোগ ইত্যাদি বিষয় বিবেচনা করে প্রশিক্ষণ কার্যক্রমটি ৩০টি জেলায় সম্প্রসারিত করে "জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটি মোট ১৬৭৫.৪৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৮ থেকে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। এরই ধারাবাহিকতায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক দেশের ৬৪টি জেলায় এ প্রশিক্ষণ কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৭.২ **উদ্দেশ্যঃ**

১) শিক্ষিত বেকার মহিলাদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের কর্মসংস্থান এবং উদ্যোক্তা হওয়ার সুযোগ সৃষ্টি করা;
২) শিক্ষিত বেকার মহিলাদের আত্ম-কর্মসংস্থানের মাধ্যমে স্বনির্ভর হওয়ার ব্যাপারে উদ্বুদ্ধ করা;
৩) নারী সমাজকে মানব সম্পদে পরিণত করার লক্ষ্যে ধ্যান-ধারণাগত পরিবর্তনে উৎসাহ যোগানো;
৪) সর্বশেষ প্রযুক্তিকে কাজে লাগিয়ে নারীর ক্ষমতায়নে সর্বাত্মক সহায়তা করা;
৫) সর্বশেষ প্রযুক্তি ও কারিগরি জ্ঞানের সাথে সমন্বয় সাধন ও খাপ খাওয়ানোর জন্য তা আত্মস্থ করা;
৬) শিক্ষিত নারীদেরকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে দারিদ্র্য বিমোচনে সহায়তা করা; এবং
৭) বর্তমানের ক্রমবর্ধমান চাহিদা এবং ভবিষ্যতের চাহিদা মোকাবেলার লক্ষ্যে কম্পিউটার দক্ষতার উন্নয়ন এবং বহুমুখীকরণ;
৮) জাতীয় মহিলা সংস্থার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ভিত্তিক নারীবান্ধব উৎকর্ষতার কেন্দ্র বিন্দু হিসেবে প্রতিষ্ঠা করা; এবং
৯) প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উন্নয়ন সহযোগী, দেশীয়, আন্তর্জাতিক এনজিও এবং ব্যবসায়িক সম্প্রদায়ের সাথে যোগাযোগ স্থাপন করা।

৮.০ **প্রকল্পের অনুমোদন অবস্থাঃ**

প্রকল্পটির উপর গত ০৫/০৯/২০১৩ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সুপারিশের আলোকে পুনর্গঠিত ডিপিপি ০৫/১১/২০১৩ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়।

৯.০ **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন হতে দেখা যায় যে, জুন, ২০১৪ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৪৫.৩৪ লক্ষ টাকা। ২০১৪-১৫ অর্থ বছরে প্রকল্পটির অনুকূলে এডিপিতে বরাদ্দ রয়েছে ২১২৮.০০ লক্ষ টাকা। এপ্রিল, ২০১৫ পর্যন্ত অবমুক্ত হয়েছে ১০৬৪.০০ লক্ষ টাকা এবং আর্থিক অগ্রগতি ৩৯৮.৬৫ লক্ষ টাকা। এপ্রিল, ২০১৫ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৪৩.৯৯ লক্ষ টাকা যা প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের ১০.৩৫% এবং বাস্তব অগ্রগতি ২১.০৫%।

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম | ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা | | জুন, ২০১৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | ২০১৪-১৫ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | | ২০১৪-১৫ অর্থ বছরের এপ্রিল, ২০১৫ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | অফিসারদের বেতন | ১২৫৭.৩৪ | ১৩২ | ৪২.৩৮ | ১৩২ | ২৬৮.৪২ | ১৩২ | ১৯২.৯১ | ১০.০২% |
| ২ | কর্মচারীদের বেতন | ৪৯৯.৭৫ | ১৩৫ | ০.৫৮ | ১৩৫ | ১২১.২১ | ১৩৫ | ২.৬৮ | ০.১৪% |
| ৩ | উৎসব ভাতা | ১৪৭.১৮ | ২৬৭ | ০.০০ | ২৬৭ | ৩৬.৭৭ | ২৬৭ | ২৩.৬২ | ৪.১৪% |
| ৪ | ইন্টার্ণী | ১০০.০০ | ১৯২০ | ০.০০ | - | ১৭.২৮ | ১৯২ | ৫.৭৬ | ০.০০% |
| ৫ | টিএ/ডিএ | ৪৮.০০ | থোক | ৩.৩৩ | থোক | ৩০.০০ | থোক | ১.৫০ | ১.০৬% |
| ৬ | অফিস ভাড়া | ১০২৩.০০ | ৬৫ | ৪১.৪৭ | ৬৫ | ১১৮.৮৩ | ৬৫ | ৭০.৮৬ | ৪.৪৬% |
| ৭ | ডাক | ২৭.০০ | থোক | ০.৩৭ | থোক | ২৫.০০ | থোক | ১.৯৫ | ০.১২% |
| ৮ | টেলিফোন ও ইন্টারকম | ৩২৭.৯৫ | ১১৬৭ | ৫.০০ | ১১৬৭ | ৩০.০০ | ১১৬৭ | ৯.৫১ | ০.৫৬% |
| ৯ | বিদ্যুৎ | ১০০.০০ | ৬৫ | ৬.৫৭ | ৬৫ | ৩৫.০০ | ৬৫ | ১২.০২ | ০.৭২% |
| ১০ | গ্যাস ও জ্বালানী | ১০.০০ | থোক | ০.৫৯ | থোক | ২.০০ | থোক | ০.৫৩ | ০.০০% |
| ১১ | পেট্রোল ও লুব্রিকেন্ট | ৭০.০০ | থোক | ০.২৮ | থোক | ০.৮০ | থোক | ০.২১ | ০.০০% |
| ১২ | মুদ্রণ ও প্রকাশনা | ৩৫.০০ | থোক | ০.২৮ | থোক | ২৫.০০ | থোক | ০.৫০ | ০.০০% |
| ১৩ | স্টেশনারী | ৪৫.০০ | থোক | ৩.৯৪ | থোক | ৩৫.০০ | থোক | ৭.৫০ | ০.৫৫% |
| ১৪ | প্রচার ও বিজ্ঞাপন | ৪৭.০০ | থোক | ৩.০২ | থোক | ৩৫.০০ | থোক | ৪.৮৬ | ০.৩৬% |
| ১৫ | প্রশিক্ষণ ও শিক্ষা সফর | ৫৮.০০ | ২৭৬ | ১.২৮ | ৬ | ২৫.০০ | ৮৭ | ০.০০ | ০.০০% |
| ১৬ | কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ | ৫৫.০০ | থোক | ২.২০ | থোক | ৪৫.০০ | থোক | ৩.৮৪ | ০.৪৮% |
| ১৭ | সম্মানী ভাতা/ফি/পারিশ্রমিক | ৩৭.০০ | থোক | ৪.৫৫ | থোক | ২৫.০০ | থোক | ৩.৬৭ | ০.৫২% |
| ১৮ | পরীক্ষা ফি | ৭০.৫৬ | ১৯২০০ | ৩.২৩ | ৮৮০ | ১৮.৫৬ | - | ১৪.৭৮ | ০.০০% |
| ১৯ | কম্পিউটার যন্ত্রাংশ | ১০৭.০০ | থোক | ০.০০ | থোক | ৫০.০০ | থোক | ০.২৫ | ০.০০% |
| ২০ | বিবিধ | ১২৫.০০ | থোক | ১৩.৩৮ | থোক | ৬৫.০০ | থোক | ১৯.১৫ | ১.৬৫% |
| ২১ | যানবাহন (মেরামত) | ১০.০০ | ১ | ০.২৩ | ১ | ১.০০ | ১ | ০.৪৫ | ০.০২% |
| ২২ | আসবাবপত্র (মেরামত) | ১৫.০০ | থোক | ০.০০ | থোক | ২৫.০০ | থোক | ৩.২০ | ০.০০% |
| ২৩ | কম্পিউটার ও যন্ত্রাংশ (মেরামত) | ৪৫.০০ | থোক | ১২.৬৬ | থোক | ৮৪.১৩ | থোক | ১৭.৫৯ | ০.৭৯% |
| ২৪ | যন্ত্রপাতি ও যন্ত্রাংশ (মেরামত) | ২০.০০ | থোক | ০.০০ | থোক | ৩৫.০০ | থোক | ১.৩৩ | ০.০০% |
| ২৫ | যন্ত্রপাতি ও অন্যান্য যন্ত্রাংশ (ক্রয়) | ১১২.৪৪ | ৮৯৪ | ০.০০ | - | ১১২.৪৪ | - | ০.০০ | ০.০০% |
| ২৬ | কম্পিউটার ও যন্ত্রাংশ (ক্রয়) | ৭৮৩.৩৮ | ৩৩৪৮ | ০.০০ | - | ৭৮৩.৬৫ | - | ০.০০ | ০.০০% |
| ২৭ | আসবাবপত্র (ক্রয়) | ৭৭.৯১ | ১০২৬ | ০.০০ | - | ৭৭.৯১ | - | ০.০০ | ০.০০% |
| | মোটঃ | ৫২৫৩.৫১ | | ১৪৫.৩৪ | | ২১২৮.০০ | | ৩৯৮.৬৫ | ১৮.৭৩% |

১০.০ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সচিব জনাব মোহাম্মদ মাকসুদুর রহমান প্রকল্প শুরু থেকে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করে আসছেন।

১১.০ **প্রকল্প পরিদর্শনঃ**

আইএমইডি কর্তৃক ১৪/০৫/২০১৫ তারিখে ঝালকাঠী জেলায় প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। প্রকল্প পরিদর্শনে জেলা ভিত্তিক বিস্তারিত বিবরণ নিম্নে প্রদান করা হলঃ

১১.১ **ঝালকাঠী কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রঃ**

**অবস্থানঃ**

বাসেত ম্যানসন, হোল্ডিং নং ১২, বার্হের রোড, উপজেলা পরিষদের সামনে, ঝালকাঠী।

**জনবলঃ**

প্রকল্পের আওতায় সহকারী প্রোগ্রামার- ১ জন, প্রশিক্ষক (কম্পিউটার)-১জন, এম.এল.এস.এস-১ জন ও পিয়ন সহ মোট ৪ জন জনবলের সংস্থান রয়েছে কিন্তু এম.এল.এস.এস ও পিয়ন নিয়োগ না হওয়ায় সহকারী প্রোগ্রামার- ১ জন, প্রশিক্ষক (কম্পিউটার) - ১ জনসহ মোট ২ জন ও অস্থায়ী ভিত্তিতে একজন মহিলা এখানে কর্মরত আছেন।

**মোট প্রশিক্ষণার্থীর সংখ্যাঃ**

২য় ব্যাচ (জানুয়ারী-জুন, ২০১৫ ইং): প্রকল্পের আওতায় ঝালকাঠীতে বর্তমানে ২য় ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলছে।

মোট প্রশিক্ষণার্থীর সংখ্যাঃ ৩১ জন। সকালের ব্যাচে ১৬ জন এবং বিকালের ব্যাচে ১৫ জন ছাত্রী প্রশিক্ষণ গ্রহণ করছেন।

**পরীক্ষার তারিখ (সম্ভাব্য):** ২৬ জুন, ২০১৫

**সমাপ্ত ব্যাচের তথ্যঃ**


| ১ম ব্যাচ (জুলাই-ডিসেম্বর, ২০১৪ ইং) | | | | | |
|---|---|---|---|---|---|
| মোট প্রশিক্ষণার্থী | A+ | A | B | C | পাশের হার |
| ২৭ | ২৭ | ০ | ০ | ০ | ১০০% |

**ইন্টার্ণ-এর সুযোগঃ**

কেন্দ্রটিতে পরিদর্শনকালে দেখা যায়, ১ম ব্যাচ থেকে মূল্যায়ন এর ফলাফল এবং পারিবারিক অবস্থা বিবেচনা সাপেক্ষে ৩ জন মেয়েকে ৬ মাসের জন্য ইন্টার্ণ এর সুযোগ প্রদান করা হয়েছে।

**প্রচারণার পদ্ধতিঃ** লিফলেট, পিভিসি ব্যানার, মাইকিং, শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারণা।

**ভর্তি পদ্ধতিঃ** ভর্তি পরীক্ষার মাধ্যমে মেধার ভিত্তিতে ভর্তি করা হয়।




বর্তমান ব্যাচের ইন্টার্ন

**প্রশিক্ষণের বিষয়ঃ** কম্পিউটার ফান্ডামেন্টাল, মাইক্রসফট অফিস অ্যাপ্লিকেশন (এম.এস.ওয়ার্ড, এম.এস.এক্সেল, এম.এস.পাওয়ার পয়েন্ট, এম.এস.এক্সেস, ইন্টারনেট এক্সেস), বেসিক ইংরেজী।

**কম্পিউটারের সংখ্যাঃ** প্রশিক্ষণ কেন্দ্রটিতে প্রশিক্ষণ কাজ এবং অফিসকক্ষে ব্যবহারের জন্য ১০টি কম্পিউটার সচল রয়েছে।

**অফিসের রুম সংখ্যাঃ** ক্লাস রুম-১টি, অফিস রুম- ১টি।



ছাত্রীরা প্রশিক্ষণ গ্রহণ করছেন

১২.০ **প্রকল্পটি সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণঃ**

১২.১ **জনবল নিয়োগ সম্পন্ন না হওয়াঃ** প্রকল্পের আওতায় আউটসোর্সিং পদ্ধতিতে প্রতি জেলায় অফিস সহায়ক (এমএলএসএস) এবং নিরাপত্তা প্রহরী নিয়োগ করার কথা থাকলেও প্রকল্প অনুমোদনের পর থেকে অদ্যাবধি নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন না হওয়ায় অফিস সহায়ক (এমএলএএস)-এর অভাবে দাপ্তরিক কাজে সমস্যার পাশাপাশি নিরাপত্তা প্রহরীর অভাবে কেন্দ্রের নিরাপত্তা বিঘ্নিত হওয়ার সম্ভাবনা রয়েছে;

১২.২ **প্রশিক্ষণ উপকরণ সরবরাহ না করাঃ**
প্রকল্পের আওতায় ঝালকাঠী জেলায় ১৫টি কম্পিউটার সেট, ১৫টি কম্পিউটার টেবিল ও ১৫টি কম্পিউটার চেয়ারসহ অন্যান্য আসবাবপত্র ও ইক্যুইপমেন্ট (প্রিন্টার, স্ক্যানার, প্রজেক্টর, আলমারি ইত্যাদি) সরবরাহের কথা থাকলেও অদ্যাবধি এগুলো সরবরাহ করা হয়নি। জাতীয় মহিলা সংস্থার অধীনে বাস্তবায়িত আইটি প্রশিক্ষণ প্রকল্পের ইকুইপমেন্ট ও আসবাবপত্র দিয়ে ঝালকাঠী প্রশিক্ষণ কেন্দ্রটির কার্যক্রম পরিচালিত হচ্ছে। বর্তমানে ১০টি Computer দিয়ে ৩১ জন ছাত্রীকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং অফিসের কাজ করা হয়। মুন্সিগঞ্জ জেলার কম্পিউটার সেন্টারটিতে জাতীয় মহিলা সংস্থার আওতায় পরিচালিত অন্য একটি আইটি প্রশিক্ষণ কেন্দ্রের ইকুইপমেন্ট ও আসবাবপত্র ব্যবহার করা হচ্ছে।

১২.৩ **প্রশিক্ষণ কোর্সের কনটেন্ট সম্পর্কিত কোন বই সরবরাহের সংস্থান না থাকাঃ** প্রকল্পের আওতায় কম্পিউটার প্রশিক্ষণের কারিকুলামটি কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত। এ কোর্স কারিকুলাম সম্পর্কিত একটি বই প্রকল্পের আওতায় সকল প্রশিক্ষণার্থীকে সরবরাহ করা হলে তা প্রশিক্ষণ কার্যক্রমকে আরো কার্যকর করবে বলে প্রশিক্ষণার্থীদের সাথে আলোচনায় জানা যায়। কিন্তু প্রকল্পের আওতায় এ ধরনের কারিকুলাম প্রদানের কোন সংস্থান নেই;

১২.৪ **নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সংযোগ এবং পর্যাপ্ত স্থান সংকুলান না থাকাঃ** প্রশিক্ষণ কেন্দ্রটি ২ (দুই) তলা বিশিষ্ট ভাড়া বাড়ীর টপ ফ্লোরে পরিচালিত হচ্ছে। ছাত্রী এবং প্রশিক্ষকের সাথে আলোচনায় জানা যায় অধিকাংশ সময় কেন্দ্রটিতে বিদ্যুৎ থাকে না এবং ল্যাব ও অফিসের জন্য ২টি কক্ষে স্থান সংকুলান হয় না বিধায় কেন্দ্রটির স্থান পরিবর্তন করা দরকার।

## ১৩.০ সুপারিশ/দিক-নির্দেশনাঃ

১৩.১ **জনবল নিয়োগের প্রক্রিয়া ত্বরান্বিতকরণঃ**
প্রকল্পের আওতায় আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে;

১৩.২ **প্রয়োজনীয় ইক্যুইপমেন্ট ও আসবাবপত্র সরবরাহঃ**
প্রকল্পের আওতায় ঝালকাঠি জেলাসহ যে সকল জেলায় এখনও কম্পিউটারসহ অন্যান্য ইক্যুইপমেন্ট সরবরাহ করা হয়নি তা অতি দ্রুত সরবরাহের কার্যকর উদ্যোগ নিতে হবে;

১৩.৩ **কোর্স কনটেন্ট সম্পর্কিত বই সরবরাহঃ**
বর্ণিত প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কারিকুলাম সম্পর্কিত একটি বই সকল প্রশিক্ষণার্থীকে সরবরাহ করা যায় কি-না তা সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিবেচনা করতে পারে। এ ধরনের বই সরবরাহ করা হলে প্রশিক্ষণ পরবর্তী সময়েও প্রশিক্ষণার্থীরা উপকৃত হবে;

১৩.৪ **প্রশিক্ষণ কেন্দ্রের স্থান পরিবর্তনঃ**
প্রশিক্ষণ কেন্দ্রটির জন্য পর্যাপ্ত কক্ষ এবং প্রশিক্ষণকালীন সময় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ থাকার ব্যবস্থা নিশ্চিত করার জন্য স্থান পরিবর্তন করা প্রয়োজন;

১৩.৫ **কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিঃ**
প্রশিক্ষণপ্রাপ্ত মেয়েদের মধ্য থেকে দুস্থ/প্রতিবন্ধীদের জন্য যোগ্যতা এবং দক্ষতার ভিত্তিতে কর্মসংস্থানের ব্যবস্থা করার বিষয়ে মন্ত্রণালয় কার্যকর ভূমিকা গ্রহণ করতে পারে;

১৩.৬ **উৎসাহিতকরণঃ**
রেজাল্ট এবং পারফরমেন্সের ভিত্তিতে প্রত্যেক ব্যাচ থেকে অন্তত একজনকে ১টি কম্পিউটার প্রদান করা হলে ছাত্রীরা প্রশিক্ষণ গ্রহণে আরও উৎসাহিত হবে।

01.06.15

(ফারজানা হোসেন)
সহকারী পরিচালক